

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
এমপিও শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ
হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৪০.০৯৩.১৮.১৬৬

তারিখ: ১২ ভাদ্র ১৪২৭

২৭ আগস্ট ২০২০

বিষয়: বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিজ্ঞান এবং ১৩.১১.২০১১খ্রিঃ তারিখের পরে শ্রেণি শাখা/ট্রেড/স্পেশালাইজেশন অনুমোদনের বিপরীতে ০৫টি প্রতিষ্ঠানের এসএসসি (ভোকেশনাল) শাখার- ০২ জন ও এইচএসসি (বিএম) শাখার ০৪ জনসহ মোট ০৬ (ছয়) জন শিক্ষকের এমপিওভুক্তি সংক্রান্ত।

সূত্র: ১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০৩৩.২০১৮-৮৫৭ তারিখ- ১৫/১১/২০১৮খ্রিঃ
২) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.১৮.০০৩-১৭.৯৯ তারিখঃ ২৮/০১/২০১৯খ্রিঃ।
৩) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.১৮.০০৩-১৭.৪৫২ তারিখঃ ১১/০৬/২০২০খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিজ্ঞান এবং গত ১৩.১১.২০১১খ্রিঃ তারিখের পরে শ্রেণি শাখা/ট্রেড/স্পেশালাইজেশন অনুমোদনের বিপরীতে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/প্রভাষকদের এমপিওভুক্তকরণের নিমিত্ত উপযুক্ত শিক্ষক নির্বাচনের লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং এ বিভাগের এমপিও সংক্রান্ত কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ের মাধ্যমে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত নিম্নোক্ত ০৫ টি প্রতিষ্ঠানের নামের পার্শ্বে উল্লিখিত শিক্ষকদের তথ্যাদি যথাযথ থাকায় এমপিওভুক্তির সুপারিশ করা হয়ঃ-

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ট্রেড	পদবী	শিক্ষক/প্রভাষকদের নাম
১.	গফুরাবাদ আদর্শ উচ্চ বিদ্যালয়, নাটোর	ট্রেড (পোলিট রিয়ারিং অ্যান্ড ফার্মিং) ইন্সট্রাক্টর	জনাব মোঃ জিন্নুর রহমান
২.	গাংনী পাইলট (মডেল) মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ, মেহেরপুর	ট্রেড ইন্সট্রাক্টর (ড্রেস মেকিং) প্রভাষক (ব্যাংকিং)	জনাব মোঃ মনিরুজ্জামান জনাব মোঃ মাসুদুর রহমান
৩.	সেনেরচর শাহসুফী আলিম মাদ্রাসা, টাঙ্গাইল	প্রভাষক (হিসাবরক্ষণ)	জনাব শেখ কামাল
৪.	পাংশা মহিলা কলেজ, রাজবাড়ী	প্রভাষক (উদ্যোগ উন্নয়ন)	জনাব এ.কে. আজাদ
৫.	বলাখাল জে.এন. উচ্চ বিদ্যালয় এন্ড কারিগরি কলেজ, চাঁদপুর	প্রভাষক (হিসাবরক্ষণ-২য়)	জনাব মোঃ কামরুল ইসলাম

এমতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং এ বিভাগের এমপিও সংক্রান্ত কমিটির সুপারিশের আলোকে উল্লিখিত ০৫ টি প্রতিষ্ঠানের এসএসসি (ভোকেশনাল) শাখার- ০২ জন ও এইচএসসি (বিএম) শাখার ০৪ জনসহ মোট ০৬ (ছয়) জন শিক্ষকের তথ্যাদি যথাযথ থাকায় তাঁদের এমপিওভুক্তির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭-৮-২০২০

মোহাম্মদ মিজানুর রহমান ভূইয়া

উপসচিব

ফোন: ৯৫৭৫৮০৭

ইমেইল: dsmpo72@gmail.com

মহাপরিচালক কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ- ৪/বি, আগারগাঁও,
শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৪০.০৯৩.১৮.১৬৬/১(৬)

তারিখ: ১২ ভাদ্র ১৪২৭
২৭ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) যুগ্ম সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) অফিস কপি

২৭-৮-২০২০

মোহাম্মদ মিজানুর রহমান ভূইয়া
উপসচিব